

পজিটিভ-১
করোনা আক্রান্ত মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান
৯

সংবাদ প্রতিদিন

পজিটিভ-২
বার্সেলোনা ও স্পেন ফুটবল তারকা জাভি হার্নান্ডেজ করোনা আক্রান্ত
১২



sangbadpratidin.in | epratidin.in | ১০ শ্রাবণ ১৪২৭ | ৪.০০ টাকা | মেদিনীপুর সংস্করণ | রবিবার | ২৬ জুলাই ২০২০ | ভিতরে ছুটি | মেঘ ও বৃষ্টি | সর্বনিম্ন ২৮°/৩৫° সর্বাধিক | ১২ পাতা


# কঠোর লকডাউন

## দ্বিতীয় দিনেও সাড়া, সক্রিয় পুলিশ

**সংবাদ প্রতিদিন ব্যুরো :** পথের ভিড়, বাজারের হুড়োহুড়ি, চায়ের আড্ডার জটলা রাত পোহাতেই উধাও। যেন প্রথম দিনের 'রি-রান'। দোকান-বাজার বন্ধ, রাস্তাঘাট সুনসান। পথচারী নেই, গাড়িঘোড়াও নেই। পাড়ার মোড়ে মোড়ে পুলিশি টহল। কড়া নজর, একান্ত জরুরি কাজ ছাড়া কেউ যাতে বাড়ির বাইরে পা না রাখে।

কোভিড আগ্রাসনের পায়ে বেড়ি দিতে রাজ্যে চলতি সপ্তাহের দু'দিনের সার্বিক লকডাউনের শেষ দিনে প্রথম দিনের ছবিরই হুবহু পুনরাবৃত্তি। দু'-এক জায়গায় বিক্ষিপ্ত ঘটনা ছাড়া গোটা রাজ্যেই মানুষ মোটামুটি গৃহবন্দি হয়ে দিনটা পার করেছেন। তার মধ্যেও কোথাও কোথাও কেউ কেউ রাস্তায় বেরিয়ে পুলিশের সামনে যথাযথ কারণ দর্শাতে না পেরে সোজা গিয়েছেন শ্রীঘরে।

যেমন ঘটেছে কলকাতার ইএম বাইপাসে, সকাল সাড়ে দশটা নাগাদ। মোটর সাইকেলে বান্ধবীকে নিয়ে জয় রাইড করতে গিয়ে বাইপাসের উত্তর পঞ্চান্ন স্টপের কাছে পুলিশকে ধাক্কা মারে এক যুবক। এক কনস্টেবল ও এক সিভিক পুলিশ আহত হন। যুবককে পত্রপাঠ গ্রেফতার করা হয়।

এমন কিছু খুচরো ঘটনা দিলে এ দিনও বাংলা বনধের চেনা চেহারা রাজ্য জুড়ে। সৌজন্যে, পুলিশের কড়া নজরদারি। বৃহস্পতিবার লকডাউনের পর শুক্রবার বাজার-রাস্তায় ভিড় উপচে পড়েছিল। কিন্তু শনিবার সকাল থেকে ফিরেছে কড়া লকডাউন। নিয়ম না মানলে চলেছে ধরপাকড়। অপ্রয়োজনে গাড়ি নিয়ে বেড়িয়েছিলেন, এমন বেশ কয়েক জনকে আটক করা হয়েছে। জেলাওয়াড়ি গ্রেফতারের সংখ্যা বেড়েছে প্রতিক্ষণে। সন্ধ্যা পর্যন্ত কলকাতায় লকডাউন না মেনে বাইরে বের হওয়ায় গ্রেফতার ৭০৩ জন। মাস্ক না পড়ে বেরনোয় ৩৬৮ ও যত্রতত্র থুতু ফেলায় ১১ জনকে ধরা হয়। ১৪টি গাড়ি আটক। সল্টলেকে ধৃত ১২৩ জন, আটক ৩১টি গাড়ি। সুন্দরবন পুলিশ জেলায় গ্রেফতার ৩৮ জন।

কলকাতার মতো কড়াকড়ির জেরে জেলাতেও একই ছবি। রাস্তা খাঁ খাঁ, বাজার-দোকানে ঝাঁপ ফেলা। সকাল থেকে পথে জনমনিষ্যি নেই। বাড়ির বাইরে পা রেখেও অনেকে পুলিশি টহল দেখে তৎক্ষণাৎ সেঁধিয়েছেন। দমদম বিমানবন্দরে উড়ান বন্ধ থাকায় এদিন বিমানবন্দর চত্বর কার্যত জনশূন্য ছিল।তবে কয়েকটি দূরপাল্লার ট্রেনে হাওড়া স্টেশনে পৌঁছনো যাত্রীরা বাস না পেয়ে নাকাল হয়েছেন। মওকা বুঝে কিছু প্রাইভেট গাড়ি পকেট কেটেছে।

লকডাউন সফল করতে এ দিন কলকাতার বেহালা থেকে বেলেঘাটা, ফুলবাগান থেকে খিদিরপুর, সল্টলেক, উল্টোডাঙা, গড়িয়াহাট, টালিগঞ্জ-সহ মধ্য কলকাতার বিভিন্ন এলাকায় চলেছে পুলিশের নাকাতল্লাশি। সঙ্গে ড্রোন উড়িয়ে নজরদারি। রাজপথের গণ্ডি ছাড়িয়ে অলিগলিতেও পুলিশের নজর-জাল ছড়িয়েছে। প্রতিটি গাড়ির চালকের কাছে চাওয়া হয়েছে পরিচয়পত্র।

তবে নাগরিকদের একাংশের তরফে দায়িত্বজ্ঞানহীনতা ও নিয়ম ভাঙারও বিরাম নেই। নয়ের পাতায়




কলকাতার রাস্তায় পুলিশের নাকা চেকিং। —প্রতিদিন চিত্র

## আজ খোলা বেসরকারি অফিস ও সেক্টর ফাইভ

### খুলবে কিছু বাজারও

**স্টাফ রিপোর্টার :** আজ রবিবার অফিস খোলা। ডালহৌসি থেকে পার্কস্ট্রিট, সেক্টর ফাইভ থেকে নিউটাউন। রবিবার চিরাচরিত ছুটির দিনে পড়তে চলেছে ছেদ। আজ থেকে আপাতত প্রতি রবিবারই গমগম করবে অফিস পাড়া। কারণ, প্রচলিত ছুটির দিনেও খোলা থাকছে প্রায় ৮০ শতাংশ বেসরকারি অফিস। দোকানের ঝাঁপ খুলবেন গড়িয়াহাট এবং হাতিবাগানের ব্যবসায়ীদের একাংশও। দোকান খুলবেন সোনাপট্টির ব্যবসায়ীরাও। কারন লকডাউনে স্তব্ধ হয়ে কাজ যেমন শিকেয় উঠেছে বেসরকারি কোম্পানিগুলির, তেমনই ব্যবসা লাটে উঠেছে। তাই লকডাউন সামলে অফিসের কাজ এগোতে এবং ব্যবসার হল ফেরাতে রবিবার ঝাঁপ উঠবে শহরের অধিকাংশ অফিস- দোকানের। ফলে অন্য রবিবারের মতো আজ একেবারেই রাস্তাঘাট ফাঁকা থাকবে না বলেই মনে করা হচ্ছে। বরং অফিস যাওয়ার তাড়নায় অনেককেই সকাল হতেই বেরিয়ে পড়তে হবে। সেকথা মাথায় রেখেই অন্য রবিবারের তুলনায় আজ রাস্তায় সরকারি বেসরকারি বাস কিছুটা বেশি নামবে বলেই পরিবহন দফতরসূত্রে খবর। নয়ের পাতায়

## এক ঝলক

### বাংলায় ২৪ ঘণ্টায়

- নতুন সংক্রমণ ২,৪০৪।
- করোনামুক্ত ৩৫,৬৫৪।
- চিকিৎসাধীন ১৯,৩৯১।
- একদিনে মুক্ত ২,১২৫।
- মোট আক্রান্ত ৫৬,৩৭৭।
- একদিনে মৃত্যু ৪২ জনের। সব মিলিয়ে মৃত্যু ১৩৩২।
- কলকাতায় মৃত্যু ১১ জনের।
- হাওড়া সংক্রমণ ২০৬, উত্তর ২৪ পরগনা ৫২৪, দক্ষিণ ২৪ পরগনা ১৯১, দার্জিলিং ৬১
- সংক্রমণহীন ঝাড়গ্রাম।
- ২৪ ঘণ্টায় টেস্ট ১৫,৬২৮।
- সবমিলিয়ে টেস্ট ৭,৭৯,১৪০।

### উদ্বিগ্ন ভারভারা রাওয়ের পরিবার

■ নয়াদিল্লি : সমাজকর্মী ভারভারা রাওয়ের পরিবার এবার চিঠি লিখল জাতীয় মানবাধিকার কমিশনে। তিনি করোনা আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তাঁর কোনও তথ্য পাচ্ছে না পরিবার বলে অভিযোগ।

### আগস্টে সিনেমা হল খোলার আর্জি

■ নয়াদিল্লি : আগস্ট মাসেই থিয়েটার হল ও মাল্টিপ্লেক্স খোলার জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে প্রস্তাব পাঠাল তথ্য ও সম্প্রচার মন্ত্রক। বলা হয়েছে, সুরক্ষাবিধি মেনে সিনেমা হল খোলা যেতে পারে।

### আজ যেমন

| | |
|---|---|
| মেষ | উদাসীনতা |
| বৃষ | নৈরাশ্য |
| মিথুন | প্রাপ্তি |
| কর্কট | আত্মীয় কলহ |
| সিংহ | উদরপীড়া |
| কন্যা | উত্তেজনা |
| তুলা | ন্যায্য পাওনা |
| বৃশ্চিক | আনন্দ |
| ধনু | ক্লেশ |
| মকর | অর্থলাভ |
| কুম্ভ | বন্ধুত্ব ভাব |
| মীন | শুভ |

শ্রী অভিষেক ব্যানার্জ্জী




সচেতনতা ■ স্তব্ধ হাওড়া ব্রিজে করোনার বিরুদ্ধে সামাজিক সচেতনতার প্রচারে নাগরিক। শনিবার। —পিন্টু প্রধান

### করোনা টেস্টে নতুন সাফল্য

## আইআইটির যন্ত্রে এক ঘণ্টায় রিপোর্ট

**নিজস্ব সংবাদদাতা, খড়গপুর:** মাত্র দু'হাজার টাকায় মিলবে করোনা পরীক্ষার যন্ত্র। ফলে একধাক্কায় কমে যাবে করোনা পরীক্ষার খরচও। তাছাড়া যন্ত্রটি আকারে একেবারে ছোট হওয়ায় করোনা পরীক্ষার জন্য পরিকাঠামোও কম লাগবে, বাড়ানো যাবে পরীক্ষার সংখ্যাও। শুধু তাই নয়, পরীক্ষার রিপোর্টও মিলবে একঘণ্টার মধ্যেই। করোনা ত্রাসের আবহে এমনই যন্ত্রের সুলুক দিল খড়গপুর আইআইটি। শনিবার বিশ্বের সবচেয়ে ছোটো কোভিড-১৯ পরীক্ষার যন্ত্রটি প্রকাশ্যে এনে তাক লাগিয়ে দিয়েছেনখড়গপুর আইআইটির গবেষকরা। খড়গপুর আইআইটির দুই গবেষক অধ্যাপক সুমন চক্রবর্তী ও অধ্যাপক অরিন্দম মণ্ডল জানিয়েছেন, "মাত্র এক বর্গ ফুট মাপের যন্ত্রটি তৈরি হয়ে গিয়েছে। এখন বাজারে আসার অপেক্ষা।" উল্লেখ্য বাজারে একটি আর টি পিসিআর যন্ত্র কিনতে যেখানে খরচ হয় প্রায় ১৫ লক্ষ টাকা, সেখানে মাত্র দু'হাজার টাকায় এই যন্ত্র পাওয়া যাবে। দেশের যে কোনও প্রান্তে কম ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ ব্যবস্থা বা ব্যাটারি কিংবা সৌরবিদ্যুতে সেরে ফেলা যাবে করোনা পরীক্ষা। শনিবার দুপুরে খড়গপুর আইআইটি চত্বরে প্রতিষ্ঠানের ডিরেক্টর অধ্যাপক নয়ের পাতায়



■ করোনা টেস্টের জন্য আবিষ্কৃত যন্ত্রটি দেখাচ্ছেন খড়গপুর আইআইটির গবেষকরা। শনিবার।

ছবি : সৈকত সাঁতরা

## পরিস্থিতি দেখতে ফের রাজ্যে দিল্লির টিম

**স্টাফ রিপোর্টার :** করোনা সংক্রমণ সম্পর্কে বিশদে তথ্য জোগাড় করতে আসছে আইসিএমআর-এর প্রতিনিধিরা।

এগারোটির বেশি জায়গায় গোষ্ঠী সংক্রমণের ইঙ্গিত মিলেছে। আবার কয়েকটি জেলায় নামমাত্র সংক্রমণ। দুই এলাকার অবস্থা যাচাই করতে তৃতীয় দফায় রাজ্যে আসছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের প্রতিনিধিদল। আইসিএমআরের সঙ্গে স্বাস্থ্য কর্তাদের সঙ্গে কথা হয়েছে।

এর আগে দুদফায় কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের প্রতিনিধি দল রাজ্যে আসে। দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সাইন্স, চণ্ডীগড়ের পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট ও পুনের ইনস্টিটিউট অফ ভাইরোলজির গবেষকদের নিয়ে গঠিত দলটি আগামী মাসের গোড়ায় রাজ্যে আসবে। স্বাস্থ্য অধিকর্তা ডা অজয় চক্রবর্তী বলেন, "শুধু পশ্চিমবঙ্গ নয়, দিল্লি, মহারাষ্ট্র, পঞ্জাব সহ কোভিড অধ্যুষিত এলাকায় করোনা ভাইরাস নিয়ন্ত্রণে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং আর কি কি ব্যবস্থা নেওয়া উচিত সেই সম্পর্কে পরামর্শ দেওয়ার জন্য এই পদক্ষেপ।" সরকারি হাসপাতালে পাশাপাশি কয়েকটি বেসরকারি হাসপাতালেও প্রয়োজনে পরিদর্শন করতে পারে কেন্দ্রীয় বিশেষজ্ঞ দল। জানা গিয়েছে, আইসিএমআরের প্রতিনিধি দল মূলত, কলকাতা ও উত্তরবঙ্গের কয়েকটি হাসপাতাল ও কোয়ারিনটিন সেন্টার পরিদর্শন করতে পারে। তবে দিনক্ষণ এখনও ঠিক হয়নি। স্বাস্থ্যভবন সূত্রে খবর, রাজ্যের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে কোভিড রোগীদের সম্পর্কে বিশদে সরাসরি তথ্য জোগাড় করতে মোবাইল অ্যাপ তৈরির পরামর্শ দিয়েছে আইসিএমআর। সেই অনুযায়ী অ্যাপ তৈরির জন্য সরকারি সংস্থা ওয়েবেল এর সঙ্গে একপ্রস্থ আলোচনা হয়েছে স্বাস্থ্য কর্তাদের। আগামী মাসেই নতুন অ্যাপ চালু হবে বলে স্বাস্থ্য অধিকর্তা আশা প্রকাশ করেছেন। ইতিমধ্যে রাজ্য স্বাস্থ্য দফতর উপসর্গহীন ও হাসপাতালে ভর্তি করোনা রোগীদের সমস্ত তথ্য কম্পিউটারে নথি ভুক্ত করেছে। গত কয়েকমাস ধরে নিয়মিত নিয়ম করে মেল করে করোনা তথ্য জানানো হত। কেন্দ্রীয় ভাবে মোবাইল অ্যাপ তৈরি হলে স্বাস্থ্যভবনে করোনা সম্পর্কে তথ্য এলে সঙ্গে সঙ্গে তা আইসিএমআরকে জানানো যাবে।

## মায়ের সামনেই বাবাকে খুন করল 'রাজু আঙ্কল', পর্দাফাঁস মেয়ের

অংশুপ্রতিম পাল

### পরকীয়া ঘিরে খড়গপুরে চাঞ্চল্য, ধৃত ২

**খড়গপুর :** বাবার গলা টিপে ধরেছে 'রাজু আঙ্কল'। দম আটকে ছটফট করতে করতে একসময় নিস্তেজ হয়ে পড়ল বাবা। মাঝরাতে ঘুম ভেঙে উঠে বাবাকে খুন হতে দেখার সেই ভয়াবহ দৃশ্য কিছুতেই ভুলতে পারছিল না শ্রুতি। সে নিজে ও তার এগারো বছরের ভাই বাবাকে বাঁচাতে ঝাঁপিয়ে পড়ার চেষ্টা করেও পারেনি। দুজনকেই যে আটকে রেখেছিল মা! কিন্তু হৃদরোগে মৃত্যু বলে সাজিয়ে চোখের জলে ভেসে স্বামীর শেষকৃত্য সেরে ফেলেও শেষরক্ষা হল না সেই স্বাতী রামাইয়ার। মায়ের দেওয়া প্রাণনাশের হুমকি হেলায় উড়িয়েই শেষপর্যন্ত আসল ঘটনা ফাঁস করে দিল মেয়ে শ্রুতি লায়া। দ্বাদশ শ্রেণির ছাত্রী শ্রুতি পুলিশকে জানিয়েছে, 'বয় ফ্রেন্ড' রাজুর সঙ্গে জোট বেঁধে মা-ই পরিকল্পনা করে মঙ্গলবার রাতে ঘুমের মধ্যে বাবা এম ঈশ্বর রাওকে (৪৪) খুন করিয়েছে। মায়ের ভয়ে নয়ের পাতায়





ধআদালতের পথে ধৃত স্বাতী রামাইয়া ও কে নোকা রাজু। —সৈকত সাঁতরা

## হারানোর ভয়ে খুলি পেটের ভিতর

অভিরূপ দাস

লকডাউনের শহরে বিরল অস্ত্রোপচার। কোমা থেকে বাঁচাতে খুলে নেওয়া হয়েছে মাথার খুলি। ৯০ দিনের জন্য তার ঠিকানা পেট। পুজোর আগেই তা বসিয়ে দেওয়া হবে যথাস্থানে।

দীর্ঘদিন ধরেই মাথাব্যথা ভবানীপুরের বাসিন্দা বছর ৪২ এর অপালা মিত্রর। স্বামী কর্মসূত্রে হায়দরাবাদে থাকেন। করোনা আবহে মাথাব্যথা দ্বিগুণ হয়। তখনও বুঝতে পারেননি কি হয়েছে। অপালার কথায়, সাধারণ মাথা ব্যাথা ভেবে ব্যথা কমানোর ওষুধ খেতাম। সামান্য সময়ের জন্য কমতো। আবার যে কে সেই। আচমকাই একদিন বাড়িতে সংজ্ঞাহীন হয়ে পরেন। নিয়ে আসা হয় পার্ক সার্কাসের ইন্সটিটিউট অফ নিউরোসায়েন্সে। সেটা ১৫ মে।



■ অপালা মিত্র

মাথার এঞ্জিওগ্রাফিতে ধরা পরেছিল ভয়ঙ্কর ছবি। মস্তিষ্কের ভেতর যে ধমনী দিয়ে রক্ত চলাচল করে তা দুর্বল হয়ে বেলুনের মতো ফুলে উঠেছে। সাবার্কনয়েড হেমারেজ আর ইন্ট্রাসেরিব্রাল হেমারেজ একই সঙ্গে ধরা পরে। এমন ক্ষেত্রে বাঁচার সম্ভাবনা ১ শতাংশেরও কম। চিকিৎসকের কথায়, মস্তিষ্কে ব্লাড ভেসেল ফেটে অপালার সাবার্কনয়েড হেমারেজে দেখা গিয়েছিল তা থেকে বাঁচাতে না বাঁচাতেই ইন্ট্রাসেরিব্রাল হেমারেজ।

কোমায় চলে গিয়েছিল রোগী। টানা ১০ দিন জড় বস্তুর মতো পরেছিল বিছানায়। এদিকে লক ডাউনে সুদূর হায়দরাবাদে স্বামী। মোবাইলে ভিডিও কল করে স্ত্রীকে দেখেছিলেন। মস্তিষ্কের শল্য চিকিৎসক অমিতকুমার ঘোষ বিরলতম সার্জারির প্রস্তুতি নেন। চিকিৎসা পরিভাষায় যার নাম ডিকম্প্রেসিভ ক্র্যানিয়েকটমি এন্ড ইভাকুয়েশন অফ হেমাটোমা এন্ড ক্লিপিং অফ এনুরিজম। সোজা কথায় মাথার খুলির একটা অংশ রেখে দেওয়া হয়েছে পেটের চামড়ার নিচে! অমিতবাবু জানিয়েছেন, এটা বিরল অস্ত্রোপচার। করোনার এই সংকটকালে এরকম অস্ত্রোপচার করার একটা ঝুঁকি ছিলই। কিন্তু রোগীকে বাঁচানোর জন্য এছাড়া রাস্তা ছিল না। মাথার ভেতরের ধমনী ফেটে রোগী কোমায় চলে গিয়েছিলেন। মস্তিষ্কের চাপ কমাতে খুলির ১২ সেন্টিমিটার অংশ পেটের চামড়ার নিচে রেখে দেওয়া হয়েছে। পুজোর আগেই যা আবার লাগিয়ে দেওয়া হবে। মাথার ভেতর ধমনীর ফুলে ওঠাকে এনুরিজম বলা হয়। কিছু ক্ষেত্রে এই ধমনী ফেটে যায়। তখনই বিপত্তি ঘটে। যাতে আর না ফেটে যায় তাই ক্লিপ দিয়ে সেটাকে জোড়া লাগানো হয়েছে। একে বলা হয় ক্লিপিং অফ এনুরিজম। জুলাইয়ের শেষেই ফিরছেন অপালার স্বামী। ফিরেই আগে দেখা করবেন ডা. অমিত কুমার ঘোষের সঙ্গে।


Ranked NO.4 Private University in West Bengal by EW Education World

১০+২ পরীক্ষায় সফল ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানাচ্ছি

ব্রেনওয়ার বিশ্ববিদ্যালয়

UGC অনুমোদিত | PCI • BCI স্বীকৃত

অ্যাডমিশন চলছে। ৫ আগষ্ট নতুন ব্যাচ শুরু

কোথায় ভর্তি হবে, কী বিষয় নিয়ে পড়াশোনার সুযোগ পাবে, কবে ক্লাস শুরু হবে... এই সব অনিশ্চয়তার মধ্যে না থেকে ব্রেনওয়ার বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি কোর্সগুলি থেকে বেছে নাও তোমার পছন্দমত কোর্স। ৫ আগষ্ট অনলাইন ক্লাস শুরু। বিপদ কেটে গেলেই ক্যাম্পাস খুলবে। ভর্তির জন্য নীচে দেওয়া যে কোনও ফোন নম্বর-এ যোগাযোগ কর।

২০২০ বিদায়ী ব্যাচের ৯৩% প্লেসড্

ক্যাম্পাস ড্রাইভ ২২৫ • চাকরি পেয়েছে ৩৭৩




২০২০ বিদায়ী ব্যাচের কিছু সফল ছাত্রছাত্রী

চাকরিমুখী ডিগ্রি কোর্স • সর্বাধুনিক ক্যাম্পাস • সেরা ফ্যাকাল্টি • সেরা প্লেসমেন্ট
প্রথম দিন থেকেই প্রি-প্লেসমেন্ট ট্রেনিং। সহজ ইনস্টলমেন্ট-এ টাকা দেওয়ার সুযোগ

MANAGEMENT & COMMERCE
MBA | MBA Business Analytics | BBA | BCom [H] Finance & Accounts | BBA Hospital Management

LAW ▶ LLM [Master of Law] | BBA LLB | LLB [BCI Approved]

ENGINEERING ▶ MTech CSE | BTech ECE • CSE | Diploma : CSE

MULTIMEDIA & FILM STUDIES ▶ BSc [H] / MSc : Animation & Multimedia • Media Science & Journalism

BIOTECHNOLOGY & PHARMACEUTICAL
BPharm • DPharm [PCI Approved] | BSc [H] Biotechnology | MSc Microbiology

HUMANITIES & SOCIAL SCIENCES ▶ BA [H] / MA : English

COMPUTATIONAL & CYBER SCIENCE
BSc [H] / MSc : Advanced Networking & Cyber Security
BSc [IT] : Cloud Technology & Information Security • Artificial Intelligence • Data Science
BCA | MCA | MSc [IT] Data Science | MSc Mathematics

ALLIED HEALTH SCIENCES
BSc : Physician Assistant • MLT • MRIT
Bachelor of Optometry [BOPTM] | Bachelor of Physiotherapy

বেশিরভাগ ডিগ্রি কোর্সে ₹50,000 পর্যন্ত স্টাডি গ্রান্ট

ভর্তি চলছে। অনলাইন এবং অফলাইন

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস (বারাসাত) 84201 97209 • কলকাতা 98308 42233 • অন্যান্য জেলা 97484 03095
brainwareuniversity.ac.in/university | /brainwareuniversity | /brainwareuniversitykolkata | 70444 76844

Pratidin_QuarterPage_260720